**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 17-10-2025** **Desk in Charge : SDG**

**Time : 1.40 PM** **Compiling : Debabrata M. / SDG**

**DEO : KB** **NR:- Debabrata M.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

*************************************************************************

---

সারদা চিটফান্ড মামলায় সুপ্রিম কোর্ট, রাজ্য পুলিশের ডিজি রাজিব কুমারের আগাম জামিন বহাল রাখার নির্দেশ দিয়েছে। প্রধান বিচারপতি বিআর গাভাই নির্দেশে জানিয়েছেন রাজীব কুমার কে কলকাতা হাইকোর্ট আগাম জামিনের যে নির্দেশ দিয়েছিল তা বহাল থাকছে। তবে তার বিরুদ্ধে সিবিআই যে আদালত অবমাননা অভিযোগ নিয়ে এসেছে সেই বিষয়ে শুনানি করবে শীর্ষ আদালত। আট সপ্তাহ পরে এই সংক্রান্ত বিষয়ে শুনানি করা হবে।

এদিন মামলার শুনানিতে সলিসিটর জেনারেল তুষার মেহতা জানান,সারদা চিট ফাণ্ড মামলায় রাজীব কুমারকে জিজ্ঞাসাবাদের জন্য, সিবিআই অফিসারদের গ্রেফতার হতে হয়েছিল। পাশাপাশি সিবিআই-এর উচ্চপদস্থ আধিকারিকরা হেনস্থার সম্মুখীন হয়েছিলেন। রাজ্যের এই পুলিশ আধিকারিকের জন্য মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ধর্না অবস্থানে বসেছিলেন। যদিও রাজীব কুমারের পক্ষে আইনজীবী মনু সিংভি জানান এই অভিযোগ সত্য নয়। আপাতত সুপ্রিমকোর্ট এই বিষয়ে আট সপ্তাহ পরে শুনানি করবে বলে জানিয়েছে।

*********************

বেঙ্গালুরুতে কাজ করতে গিয়ে অগ্নিদগ্ধ হয়ে মৃত মুর্শিদাবাদের বহরমপুর ওহরিহরপাড়ার সাত শ্রমিকের পরিবার পিছু একজন সদস্য হোমগার্ডের চাকরি পাচ্ছেন। আগেই মৃতদের প্রত্যেক পরিবারের হাতে দু'লক্ষ টাকার চেক তুলে দেওয়া হয়েছে। এবার মৃতশ্রমিকদের পরিবার পিছু একজনকে যাতে হোমগার্ডে চাকরি দেওয়া যায়, সে ব্যাপারে রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমারকে নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। জেলার পুলিশ প্রশাসন ইতিমধ্যেই সেই প্রক্রিয়া শুরু করেছে। মৃতদের পরিবারের সদস্যদের কাছ থেকে চাকরিপ্রার্থীদের কাগজপত্র নিয়েছে বহরমপর এবং হরিহরপাড়া থানা।

*********************

রাজস্থানে একটি খুনের সঙ্গে যুক্ত তিন অপরাধীকে সল্টলেক থেকে গ্রেপ্তার করেছে পুলিশ। একজন পলাতক।

জানা গেছে, গত ৭'ই অক্টোবর রাজস্থানের কুচমানে এক ব্যবসায়ীকে গুলি করে খুন করা হয়। গুজরাটের চার দুষ্কৃতী এর সঙ্গে জড়িত ছিল। সম্প্রতি তারা কলকাতায় আশ্রয় নেয়। লালবাজারে গুন্ডাদমন শাখা নির্দিষ্ট খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে দুজনকে ফুলবাগান থেকে আটক করে। আরেক অভিযুক্ত বিধাননগর সাউথ থানা এলাকায় পূর্বাচল হাউজিং এস্টেটে ঢুকে পড়ে বলে অভিযোগ। সেখানেই স্থানীয়দের হাতে ধরা পড়ে সে। আর একজনের সন্ধান চলেছে।

এদিকে, ধৃত তিনজনকে রাজস্থানে নিয়ে যেতে সেখানকার পুলিশ ইতমধ্যেই লালবাজার পৌঁছেছে। আদালতে আজই তাঁরা ট্রান্সিট রিম্যান্ডের আবেদন করবেন বলে জানা গেছে।

*********************

পণ্য পরিষেবা করের নতুন হারের সুবিধা লাভ করছে কৃষকরাও। কৃষিক্ষেত্রে বিভিন্ন যন্ত্রপাতির উপর GST ছাড় দেওয়া হয়েছে। সরকারের এই পদক্ষেপ কে ধন্যবাদ জানিয়েছেন এই রাজ্যের এক কৃষকবন্ধু।

( বাইট- কৃষক বন্ধু )

*********************

রাজ্যে অতিবৃষ্টিতে  পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, হাওড়া ও উত্তর এবং দক্ষিণ ২৪ পরগণায় ফুলচাষ ব্যাপক ক্ষতির সম্মুখীন। সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্থ দোপাটি, গাঁদা, অপরাজিতা এবং রজনীগন্ধা ফুলচাষে। সারা বাংলা ফুলচাষী ও ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক নারায়ন চন্দ্র নায়েক জানিয়েছেন, কালীপুজোর সময় ফুলের চাহিদা বেশী থাকলেও জোগান অত্যন্ত কম।

রাজ্যের বৃহত্তম ফুলবাজার কলকাতার মল্লিকঘাট, পূর্ব মেদিনীপুরের কোলাঘাট ও দেউলিয়ায় চড়া দামে ফুল বিক্রি হচ্ছে।

পাইকারি ফুল বাজারগুলিতে আজ ঝুরো লাল গাঁদা ১৮০ থেকে ২০০ টাকা, হলুদ গাঁদা ২৩০ থেকে আড়াশ’ টাকা কেজি দরে বিক্রি হয়েছে। তিন ফুট সাইজের একেকটি লাল গাঁদার মালা বিক্রি হয়েছে ৩০ থেকে ৩২ টাকায়। হাজার কুঁড়ির জবার মালা বিক্রি হয়েছে ৬০০ থেকে ৭০০ টাকায়।

*********************

কলকাতা হাইকোর্ট, কালী পুজো ও দীপাবলির সময় রাজ্যে QR কোড লাগানো সবুজ বাজি বিক্রি করা হচ্ছে কিনা, রাজ্য সরকার ও রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদকে সে ব্যাপারে রিপোর্ট তলব করেছে। দুই বিচারপতি বিশ্বজিৎ বসু ও অজয় কুমার গুপ্তার বেঞ্চ, পুজোর ছুটি শেষ হওয়ার তিন সপ্তাহ পরে এই রিপোর্ট জমা দিতে বলেছেন। বেআইনি বাজি বন্ধ করার জন্য রাজ্যের মুখ্যসচিব গত ২৯শে অগাস্ট যে ঘোষণা

করেছিলেন, তা সঠিকভাবে পালন করা হল কিনা জানতেই, আদালতের এই নির্দেশ।

উল্লেখ, 'সবুজ মঞ্চ' নামে একটি সংগঠন রাজ্যে সবুজ বাজির নামে বেআইনি বাজি বিক্রি হচ্ছে- এই অভিযোগে জনস্বার্থ মামলা দায়ের করে।

*********************

দিওয়ালি ও ছট উপলক্ষ্যে যাত্রীদের চাহিদা মেটাতে পূর্ব রেল ৫ টি অসংরক্ষিত স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। হাওড়া- রক্সৌল, কলকাতা–গোরক্ষপুর, কলকাতা-মধুবনি, আসানসোল- গোরক্ষপুর, এবং বর্ধমান-ফাতওয়ার মধ্যে এই ৫ টি স্পেশাল ট্রেন চালানো হবে।

*********************

পশ্চিমি ঝঞ্ঝা এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় আগামীকাল ও রবিবার রাজ্যের উপকূলবর্তী জেলাগুলিতে বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। গতকালই সারা দেশ থেকে দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু বিদায় নিয়েছে। উত্তুরে হাওয়া প্রবেশ করায় ইতোমধ্যেই রাজ্যের বিভিন্ন স্থানে অনুভূত হচ্ছে শীতের আমেজ। আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে এক দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস কমে ২৩ ডিগ্রির আশেপাশে রয়েছে। সর্বোচ্চ তাপমাত্রাও ৩২ ডিগ্রি আশেপাশে থাকার সম্ভাবনা।

*********************

আসন্ন কালীপুজোয় যাত্রীদের নিরাপত্তার কথা বিবেচনা করে বেসরকারি বাস মালিক সংগঠন Joint Council Of Bus Syndicates অনুরোধ করেছে, কেউ যাতে বাস -মিনিবাসের সামনে বা কাছে বা গাড়িগুলির নীচে কোন ভাবেই যেন আতস বাজি না ফাটান। সংগঠনের পক্ষ থেকে বলা হয়েছে, এভাবে বাজি ফাটালে একদিকে যেমন

যাত্রীরা আতঙ্কিত হয়ে পড়েন, অন্যদিকে চালকের মনসংযোগ ভেঙে গিয়ে দুর্ঘটনা ঘটতে পারে ।

*********************

ইডেনে  চারদিনের রনজি ট্রফি ক্রিকেট ম্যাচে  উত্তরাখণ্ড-এর বিরুদ্ধে বাংলা প্রথম ইনিংসে ১১০ রানে এগিয়ে গেছে। আজ তৃতীয় দিনে বাংলার প্রথম ইনিংস ৩২৩রানে শেষ হয়ে যায়। সুমন্ত গুপ্ত ৮২ রান করেন। উত্তরাখণ্ডের দেবেন্দ্র সিং বোরা ৬ উইকেট নিয়েছেন।উত্তরাখণ্ড প্রথম ইনিংসে করেছিল ২১৩ রান।

******************************************************************